Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 21 May, 2025

নাটোরের লালপুরে শ্রী শ্রী ফকির চাঁদ গোসাই জীর আশ্রম এলাকায় বাগানে আম পাড়াকে কেন্দ্র করে গুলি বর্ষণের ঘটনা ঘটেছে।

এছাড়া ৫টি মোটরসাইকেল ভাংচুর করেছে প্রতিপক্ষরা। তবে কোন হতাহতের ঘটনা ঘটেনি বলে জানা গেছে। মঙ্গলবার (২০ মে) বেলা সাড়ে ১১ টার দিকে দুড়দুড়িয়া ইউনিয়নের রামকৃষ্ণপুর গ্রামে অবস্থিত ওই আশ্রমটি আম বাগান এলাকায় এই ঘটনা ঘটে। যৌথবাহিনীর সদস্যরা ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

প্রত্যক্ষদর্শণার্থীরা জানান, গোসাই জীর আশ্রমের কমিটির পক্ষ থেকে আম বাগান লিজ দেওয়া হয়েছে।আম ব্যবসায়ীরা বাগানে আম পাড়তে আসলে প্রতিপক্ষরা এসে ৫ টি মোটরসাইকেল ভাংচুর করেন এবং আতংক ছড়ানোর লক্ষ্যে প্রকাশ্যে কয়েক রাউন্ড গুলি বর্ষণ করে চলে যায়।

এঘটনায় পুরো এলাকায় মানুষের মধ্যে আতংক ছড়িয়ে পড়ে। মতামত ,আশ্রমের প্রধান সেবায়েত পরমানন্দ সাধু বলেন,নাসিরের নিকট বাগানের আম লিজ দেওয়া হয়েছে। নাসির আম পাড়তে আসলে বিপক্ষের লোকজন এসে গুলা গুলি শুরু করে।

এবিষয়ে লালপুর থানার ওসি (তদন্ত) মমিনুজ্জামান বলেন,ঘটনাস্থল থেকে ২ রাউন্ড গুলির খোসা উদ্ধার করা হয়েছে।এলাকার পরিস্থিতি শান্ত রয়েছে।তিনি আরো বলেন,অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

নাটোর আম পাড়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:58

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/2767333915